ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫০০

আগরতলা,২ মে,২০২৫

# নিট পরীক্ষা : মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে সচিবালয়ে উচ্চ পর্যায়ের বৈঠক

আগামী ৪ মে (রবিবার) অনুষ্ঠিত হবে নিট (ইউ.জি.) পরীক্ষা। এই উপলক্ষ্যে আজ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সভাপতিত্বে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। সচিবালয়ের ভিডিও কনফারেন্স হলে আয়োজিত এই বৈঠকে মুখ্যসচিব জে.কে. সিনহা, ডি.জি.পি. (ইন্টিলিজেন্স) অনুরাগ, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, স্বরাষ্ট্র দপ্তরের সচিব অপূর্ব রায় উপস্থিত ছিলেন। বৈঠকে পরীক্ষার দিনের নিরাপত্তা ব্যবস্থা সহ অন্যান্য বিষয় নিয়ে বিস্তৃত আলোচনা হয়। ইতিমধ্যেই পশ্চিম ত্রিপুরা এবং ধলাই জেলাস্থিত নিট পরীক্ষা কেন্দ্রগুলির সুরক্ষার বিষয়ে জেলাশাসক এবং পুলিশ সুপারদের নেতৃত্বে পর্যালোচনা করা হয়েছে। তারা পরীক্ষাকেন্দ্রস্থলের সুরক্ষা এবং নিরাপত্তা বিষয়ে আশ্বস্ত করেছেন।

উল্লেখ্য, এবছর রাজ্যের ৪,৮৯২ জন ছাত্রছাত্রী নিট (ইউ.জি.) পরীক্ষা দেবে। মোট ১১টি পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরমধ্যে ১০টি পশ্চিম ত্রিপুরা জেলায় এবং ১টি ধলাই জেলায় অবস্থিত। পশ্চিম ত্রিপুরা জেলায় যে সকল পরীক্ষাকেন্দ্রে নিট পরীক্ষা (ইউ.জি.) অনুষ্ঠিত হবে সেগুলি হলো মহারাজা বীরবিক্রম কলেজ, বীরবিক্রম মেমোরিয়াল কলেজ, বাণীবিদ্যাপীঠ গার্লস এইচ.এস. স্কুল, কেন্দ্রীয় বিদ্যালয় কুঞ্জবন নং ১, ইনস্টিটিউট অব অ্যাডভান্সড স্টাডিজ ইন এডুকেশন (আই.এ.এস.ই.), কেন্দ্রীয় বিদ্যালয় ও.এন.জি.সি., হিন্দি হায়ার সেকেন্ডারি স্কুল, শিশু বিহার হায়ার সেকেন্ডারি স্কুল। ধলাই জেলার কমলপুর সরকারি ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। উচ্চশিক্ষা দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****